গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
জেলা ম্যাজিস্ট্রেসি নীতি শাখা
(www.cabinet.gov.bd)

নম্বর: ০৪.০০.০০০০.৫২১.১৮.০৮৭.১৭-৫০৬

০৭ আষাঢ় ১৪২৪
তারিখ------------------
২১ জুন ২০১৭

**বিষয়: প্রশিক্ষণপ্রাপ্ত সহকারী কমিশনারকে ভূমি অধিগ্রহণ শাখার দায়িত্ব প্রদান সংক্রান্ত।**

সূত্র: দুর্নীতি দমন কমিশনের স্মারক নম্বর-দুদক/সি/৯৬-২০১৫/অনু: ও তদন্ত-২/কক্সবাজার/১৪১৫৪ তারিখ ২৭.৪.২০১৭

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত পত্রের চিত্রপ্রতিলিপি এইসঙ্গে প্রেরণ করা হল। ভূমি অধিগ্রহণ একটি জটিল কিন্তু উন্নয়নমূলক কার্যক্রম বিধায় এ কার্যক্রমকে আরও ত্বরান্বিত করা প্রয়োজন। এ কার্যক্রমকে ত্বরান্বিত করতে সংশ্লিষ্ট আইন ও বিধি-বিধান সম্পর্কে প্রশিক্ষণপ্রাপ্ত এবং অভিজ্ঞ কর্মকর্তার প্রয়োজন। প্রশিক্ষণপ্রাপ্ত ও অভিজ্ঞ কর্মকর্তা দ্বারা অধিগ্রহণ কার্যক্রম গ্রহণ করা হলে ত্রুটিহীনভাবে প্রত্যাশী সংস্থা ও সাধারণ জনগণকে দ্রুততম সময়ে সেবা প্রদান সম্ভব। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে ভূমি আইন সংক্রান্ত প্রয়োজনীয় প্রশিক্ষণবিহীন, অপেক্ষাকৃত নবীন ও শিক্ষানবিশ সহকারী কমিশনারগণকে ভূমি অধিগ্রহণ কর্মকর্তা (LAO) বা রেভিনিউ ডেপুটি কালেক্টর (RDC) পদে পদায়ন করা হচ্ছে। ফলে প্রয়োজনীয় প্রশিক্ষণ এবং বিধি-বিধান সম্পর্কে অপর্যাপ্ত জ্ঞানের কারণে সংশ্লিষ্ট কর্মকর্তা সঠিকভাবে সেবা প্রদান করতে পারছেন না। তা ছাড়া, সংশ্লিষ্ট নবীন কর্মকর্তা সৎ এবং নিরপেক্ষ হওয়া সত্ত্বেও কোন কোন কর্মস্থলে আইনগত জটিলতায় জড়িয়ে যাচ্ছেন।

০২। এমতাবস্থায়, যে সকল জেলায় ভূমি অধিগ্রহণমূলক কার্যক্রম অপেক্ষাকৃত বেশি সেসব জেলায় প্রশিক্ষণপ্রাপ্ত ও অভিজ্ঞ কর্মকর্তাকে ভূমি অধিগ্রহণ কর্মকর্তা (LAO) বা রেভিনিউ ডেপুটি কালেক্টর (RDC) পদে পদায়ন করার বিষয়টি বিশেষভাবে বিবেচনা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্ত: এক পাতা।

২১।০৬।১৭
(মাহ্‌ফুজা বেগম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৬৬৪৪৬
e-mail: cpo_sec@cabinet.gov.bd

বিতরণ :

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার ---- (সকল)।
৪। জেলা প্রশাসক ------ (সকল)।

অনুলিপি:

সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা।

# দুর্নীতি দমন কমিশন
ঢাকা, বাংলাদেশ

"সবাই মিলে গড়ব দেশ,
দুর্নীতি মুক্ত বাংলাদেশ"

স্মারক নং- দুদক/সি/৯৬-২০১৫/অনুঃ ও তদন্ত-২/কক্সবাজার/ ১৪১৫৪

তারিখ: ২৭/৪/১৭

বিষয়: শিক্ষানবীশ সহকারী কমিশনারকে ভূমি অধিগ্রহণ কর্মকর্তার দায়িত্বে পদায়ন না করার জন্য ভূমি মন্ত্রণালয়সহ সকল জেলা প্রশাসককে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

সূত্র : কক্সবাজার সদর মডেল থানা মামলা নং- ১৯, তারিখ: ০৭/১২/২০১৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জন্য জানানো যাচ্ছে যে, কক্সবাজার মাতারবাড়ী বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের ভূমি অধিগ্রহণ সংক্রান্তে জাল-জালিয়াতি ও প্রতারণার মাধ্যমে ভুয়া অরেজিস্ট্রিকৃত কাগজপত্র দাখিল করে চিংড়ি ফসলের ক্ষতিপূরণ, আত্মসাতের অভিযোগে সূত্রোক্ত মামলাটি রুজু করা হয়। তদন্তকালে এজাহারভুক্ত ১ জন এবং তদন্তে আগত ৩৫ জন মোট ৩৬ জন আসামীর বিরুদ্ধে আনীত অপরাধ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিজ্ঞ আদালতে চার্জশীট নং- ২১৯, তারিখ: ০৩/০৪/২০১৭ খ্রিঃ দাখিল করা হয়েছে। তদন্তকালে আরও দেখা যায় যে, উক্ত সময়ে কক্সবাজার জেলায় এলএও হিসাবে শিক্ষানবীশ সহকারী কমিশনারকে দায়িত্ব প্রদান করা হয়। ভূমি অধিগ্রহণ শাখার মত একটি গুরুত্বপূর্ণ/দায়িত্বপূর্ণ শাখায় শিক্ষানবীশ পর্যায়ের কর্মকর্তাকে পদায়ন না করার জন্য ভূমি মন্ত্রণালয়সহ সকল জেলা প্রশাসককে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধ করার জন্য কমিশন কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

এমতাবস্থায়, শিক্ষানবীশ সহকারী কমিশনারকে ভূমি অধিগ্রহণ শাখার দায়িত্বে ও অনুরূপ গুরুত্বপূর্ণ পদে পদায়ন না করার জন্য ভূমি মন্ত্রণালয়সহ সকল জেলা প্রশাসককে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের সবিনয় অনুরোধ করা হলো।

আবু মোঃ মোস্তফা কামাল
সচিব

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং- দুদক/সি/৯৬-২০১৫/অনুঃ ও তদন্ত-২/কক্সবাজার/ তারিখ:

অনুলিপি:

১। সিনিয়র সচিব, জন প্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক (পর্যবেক্ষণ ও মূল্যায়ন), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম।
৫। সিস্টেম এনালিস্ট, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। সৈয়দ আহমেদ, উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, চট্টগ্রাম-২।
৭। ভারপ্রাপ্ত কর্মকতা, নিয়ন্ত্রণ কক্ষ (কক্ষ নং-২০৩), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৮। অফিস কপি।

মোঃ মঞ্জুর মোর্শেদ
উপপরিচালক (অনুঃ ও তদন্ত-২)

মন্ত্রিপরিষদ বিভাগ
গ্রহণ ও প্রেরণ ইউনিট
দপ্তর/শাখার কোড:
ইউনিটের ডাইরি নম্বর: ২৪০৫